

## সংসদে হাজি সেলিম ছাত্রশিবির রগ কাটে ছাত্রলীগ মাথা

■ সময়কাল প্রতিবেদক  
সংসদে স্বতন্ত্র এমপি জোন্সের চেয়ারম্যান হাজি মোহাম্মদ সেলিম আইন-শৃঙ্খলা পরিহিতির অবনতিতে উদ্বেগ প্রকাশ করেছেন। গত ৫ জানুয়ারির নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হন হাজি সেলিম। ঢাকা-৭ আসন থেকে জয়ী হন। সংসদে ১৬ স্বতন্ত্র এমপির গঠিত জোন্সের প্রধান হয়েছেন ঢাকা মহানগর আওয়ামী লীগের এ যুগ্ম সাধারণ সম্পাদক।

গতকাল সোমবার সাগরিবের নামাজের পর পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে হাজি সেলিম বলেন, সরকার বলছে সন্ত্রাসীদের তালিকা হচ্ছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু কিছুই হচ্ছে না। প্রধানমন্ত্রী নির্দেশ দেন, তবু কাজ হয় না। তিনি বলেন, দেশে মানুষ খুন হচ্ছে। গুম হচ্ছে। ছাত্রশিবির রগ কাটছে আর ছাত্রলীগ কাটছে কজি ও মাথা। রাজশাহীর ঘটনা সরকারের মাথা হেঁটে করে দিয়েছে। টানাইলে ছাত্রলীগ একজনের কজি কেটেছে। সংবাদপত্রে প্রকাশিত বিভিন্ন অপরাধের উদাহরণ দিয়ে এসব ঘটনার জন্য শিবির ও ছাত্রলীগকে দায়ী করেন হাজি সেলিম।